রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, মার্চ ১৫, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২২ ফাল্গুন ১৪২৪/০৬ মার্চ ২০১৮

বিষয় : **সিনিয়র স্টাফ নার্স এবং মিডওয়াইফ পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে-সকল পদ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীর দ্বারা পূরণ এবং বিশেষ/প্রাধিকার কোটার অপূরণকৃত পদ সংরক্ষণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০২-২০১০ তারিখের ৫৯ নম্বর সার্কুলারের বিধান শিথিলকরণ।**

নং **০৫.০০.০০০০.১৭০.১১.০৩৫.১৭-৬২**—উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০২-২০১০ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

(ক) সিনিয়র স্টাফ নার্স-এর ৪,০০০ টি এবং মিডওয়াইফ-এর ৬০০টি পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি ২০১০ তারিখের ৫৯ নম্বর সার্কুলারে উল্লিখিত মুক্তিযোদ্ধা কোটা অনুসরণ সংক্রান্ত নির্দেশনা শিথিল করিয়া ঐ পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে। উহা এককালীন না হইয়া সকল সময়ে প্রযোজ্য হইবে।

(খ) সকল সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোটার পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে সকল পদ মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীর মধ্য হইতে পূরণ করিতে হইবে।

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০